অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ

রাষ্ট্রীয়ন্ত ও স্বায়ন্তশাসিত প্রতিষ্ঠানসমূহের বাজেট ও আর্থিক মঞ্জুরি অনুমোদন/সম্মতি প্রদান, মনিটরিং সেলের প্রশাসনিক কার্যাদি সম্পাদন, স্বায়ন্তশাসিত প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী ও আর্থিক ব্যবস্থাপনার বিভিন্ন বিষয়, রাষ্ট্রায়ন্ত/স্ব-শাসিত/বিধিবদ্ধ সংস্থা ও অধীনস্থ অংগ প্রতিষ্ঠানসমূহের সাংগঠনিক কাঠামো পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পদ সৃষ্টি, পদ সংরক্ষণ, রাজস্ব বাজেটে পদ স্থানান্তর, পদ বিলুপ্তকরণ ইত্যাদি এ অনুবিভাগের অন্যতম দায়িত্ব। ২০২০-২১ অর্থবছরে রাষ্ট্রায়ন্ত প্রতিষ্ঠান অনুবিভাগ কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

পদ সৃষ্টি/সংরক্ষণ/স্থানান্তর/স্থায়ীকরণ/বিলুপ্তি

- > বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ১ম-৯ম গ্রেডের ৮৬১টি, ১০ম গ্রেডের ৩৪৮টি, ১১-১৬ গ্রেডের ১,৭৭১টি, ১৭-২০ গ্রেডের ১,১০৪টি পদসহ মোট ৪,০৮৪টি পদ সৃষ্টি করা হয়েছে;
- > বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ১ম-৯ম গ্রেডের ৭৪৭টি, ১০ম গ্রেডের ২৪৭টি, ১১-১৬ গ্রেডের ২,৭৭৫টি, ১৭-২০ গ্রেডের ৪১৮টি পদসহ মোট ৪,১৮৭টি পদ সংরক্ষণ করা হয়েছে;
- > বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ১ম-৯ম গ্রেডের ২০৪টি, ১০ম গ্রেডের ১৪টি, ১১-১৬ গ্রেডের ১২৫টি পদসহ মোট ৩৪৩টি পদ স্বায়ীকরণ করা হয়েছে: এবং
- আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ অনুযায়ী সর্বমোট ৪,৪২৪টি সেবা ক্রয়ের সম্মতি প্রদান করা
 হয়েছে।

পেনশন/গ্র্যাচুইটি ও পেনশন বিধিমালা সংক্রান্ত

- > বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর কর্মকর্তা/কর্মচারীদের জন্য পেনশন স্কীম প্রবর্তনে অর্থ বিভাগের সম্মতি প্রদান;
- বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (বিরি) কর্মকর্তা/কর্মচারীদের জন্য পেনশন স্কীম প্রবর্তনে অর্থ বিভাগের সম্মতি প্রদান:
- বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্মচারী (অবসরভাতা, অবসরজনিত সুবিধাদি ও সাধারণ ভবিষ্য তহবিল)
 প্রবিধানমালা, ২০২১ এর বিষয়ে মতামত প্রদান।
- ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোনা এর ০২ জন কর্মচারীর সিপিএফ এবং অবসর সবিধাদি প্রদানে সম্মতি:
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের কর্মচারীদের আনুতোষিক ও অবসরভাতা এবং ভবিষ্য তহবিলের ১৩% মুনাফা প্রদানে সম্মতি জ্ঞাপন;

যানবাহন ক্রয়/ টিওএন্ডিভুক্তকরণ/আউটসোর্সিং-এ ভাড়া সংক্রান্ত

> জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডি)-এর টিওএন্ডই-তে ০৩টি জীপ গাড়ী ও ০১টি মাইক্রোবাস অন্তর্ভুক্তকরণে সম্মতি প্রদান করা হয়। পাশাপাশি আউটসোর্সিং এর মাধ্যমে ০২টি মাইক্রোবাসের সেবা ক্রয়ে সম্মতি প্রদান করা হয়েছে;

বার্ষিক প্রতিবেদন ২০২০-২১

- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মচারীগণের অফিসে যাতায়াতের নিমিত্ত ০৭টি বাস ভাড়ার বিষয়ে সম্মতি প্রদান করা হয়েছে;
- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল দপ্তরের জন্য আউটসোর্সিং এর মাধ্যমে ০১টি সেডান কার ও ০১টি মাইক্রোবাস ০২ বছরের জন্য ভাড়ার বিষয়ে সম্মতি প্রদান করা হয়েছে;
- ৯ জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজের টিওএন্ডইভুক্ত ০১টি মাইক্রোবাস প্রতিস্থাপনের মাধ্যমে ক্রয়ে সম্মতি প্রদান করা
 হয়েছে;
- 🕨 রাজশাহী ক্যাডেট কলেজের টিওএন্ডইভুক্ত ০১টি পিকআপ প্রতিস্থাপনের মাধ্যমে ক্রয়ে সম্মতি প্রদান করা হয়েছে;
- স্বান্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট এর টিওএন্ডই-তে ০১টি মাইক্রোবাস অন্তর্ভুক্তকরণে সম্মতি প্রদান করা হয়েছে;
- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বাস্তবায়্যনাধীন 'ডিজিটাল সিলেট সিটি' শীর্ষক প্রকল্পের জীপ গাড়ি টিওএন্ডইভুক্তকরণে সম্মতি প্রদান করা হয়েছে।

সম্মানী ভাতা/প্রশিক্ষণ ভাতা/কীট এলাউন্স সংক্রান্ত

- > বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের (বাপবিবো) বোর্ড সদস্যগণের সম্মানী ৫০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে;
- টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উল্লয়ন কর্তৃপক্ষ (প্রেডা) এর ইন্টার্নশিপ প্রোগ্রামের ইন্টার্নদের মাসিক সম্মানী
 ১০,০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে।
- > জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর বিওজি অনুমোদিত প্রশিক্ষণ কোর্সসমূহের মধ্যে থেকে ১০টি স্বল্পমেয়াদি কোর্স অনলাইনে পরিচালনার জন্য দৈনিক অনলাইন প্রশিক্ষণ ভাতার হার নির্ধারণে সম্মতি প্রদান করা হয়েছে:
- > জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) কর্তৃক পরিচালিত ০৫টি স্বল্পমেয়াদি কোর্স অনলাইনে পরিচালনার জন্য ভাতা/ব্যয় হার নির্ধারণে সম্মতি প্রদান করা হয়েছে:
- > বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের কর্মকর্তা/কর্মচারীদের ০১ মাসের মূল বেতনের সমপরিমান সম্মানী প্রদানে সম্মতি প্রদান করা হয়েছে:
- > বিপিএটিসি, সাভার ও আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (আরপিএটিসি) নিয়োজিত ডাক্তারদের দৈনিক সম্মানী ১০০০ টাকা নির্ধারণে সম্মাতি প্রদান করা হয়েছে:
- ➤ বিপিএটিসি'র ৭০তম বুনিয়াদি প্রশিক্ষণার্থীগদের অনলাইনে প্রশিক্ষণের জন্য দৈনিক প্রশিক্ষণ ভাতার হার ৩০০ টাকা নির্ধারণে সম্মতি প্রদান করা হয়েছে:

পদনাম পরিবর্তন সংক্রান্ত

- > বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দুর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো) এর 'সচিব' পদনাম পরিবর্তন করে 'পরিচালক' হিসেবে পরিবর্তনে সম্মতি প্রদান করা হয়েছে;
- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর সচিব পদের পদনাম 'অতিরিক্ত পরিচালক(মানব সম্পদ ও সেবা)' হিসেবে পরিবর্তনে সম্মতি প্রদান করা হয়েছে।

অন্যান্য কাজ

২০২০-২১ অর্থবছর থেকে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগের নথিসমূহ নিস্পত্তির কার্যক্রম File Tracking System
 এর মাধ্যমে Monitoring করা হচ্ছে।